# আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩ : ৩৭

## আরবি মূল আয়াত:

وَ اِبۡرٰهِیۡمَ الَّذِیۡ وَفّٰۤی ﴿۳۷﴾

## অনুবাদসমূহ:

আর ইবরাহীমের কিতাবে, যে (নির্দেশ) পূর্ণ করেছিল। — আল-বায়ান

আর ইবরাহীমের (কিতাবের খবর) যে (ইবরাহীম) ছিল পুরোপুরি দায়িত্ব পালনকারী। — তাইসিরুল

এবং ইবরাহীমের কিতাবে যে পালন করেছিল তার দায়িত্ব? — মুজিবুর রহমান

And [of] Abraham, who fulfilled [his obligations] - — Sahih International

### ৩৭. এবং ইবরাহীমের সহীফায়(১), যিনি পূর্ণ করেছিলেন (তার অঙ্গীকার)(২)?

(১) মূসা আলাইহিস সালামের সহীফা বলতে তাওরাতকে বোঝানো হয়েছে, কুরআনই একমাত্র গ্রন্থ যার দু'টি স্থানে ইব্রাহীমের সহীফার শিক্ষাসমূহের কোন কোন অংশ উদ্ধৃত হয়েছে। তার একটি স্থান হলো এটি এবং অপর স্থানটি হলো সূরা আল-আ'লার শেষ কয়েকটি আয়াত। [ফাতহুল কাদীর; কুরতুবী]

(২) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা বলেন, ইবরাহীম আলাইহিস সালামের পূর্বে ইসলামের ত্রিশ অংশের পূর্ণ বাস্তবায়ন কেউ করতে পারেনি, এজন্যই আল্লাহ বলেছেন, “আর ইবরাহীম যিনি পূর্ণ করেছেন।” [মুস্তাদরাকে হাকিম: ২/৪৭০]

রেসালতের কর্তব্য পালনের মাধ্যমে সাধারণ মানুষের সংশোধনও এর পর্যায়ভুক্ত। এক হাদীস দ্বারাও এর সমর্থন পাওয়া যায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ “আল্লাহ বলেনঃ হে বনী আদম, দিনের শুরুতে আমার জন্যে চার রাকাআত সালাত পড়, আমি দিনের শেষ পর্যন্ত তোমার জন্য যথেষ্ট হয়ে যাব।” [তিরমিযী: ৪৭৫]

তাফসীরে জাকারিয়া

### (৩৭) এবং ইব্রাহীমের কিতাবে, যে পালন করেছিল তার দায়িত্ব?

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4821

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন